# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১০৬১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. প্রথম অনুচ্ছেদ - জামা‘আত ও তার ফযীলত সম্পর্কে

بَاب الْجَمَاعَةِ وَفَضْلِهَا

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ
رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَيُّمَا امْرَأَةٍ أَصَابَتْ بَخُورًا فَلَا تَشْهَدْ مَعَنَا الْعشَاء الْآخِرَة» . رَوَاهُ مُسلم

### বাংলা

১০৬১-[১০] আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ যে সব মহিলা সুগন্ধি লাগায় তারা যেন ’ইশার সালাতে আমাদের সঙ্গে অংশগ্রহণ না করে। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪৪৪।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَلَا تَشْهَدْ مَعَنَا الْعشَاء الْآخِرَة) সে যেন আমাদের সাথে ‘ইশার সালাতে উপস্থিত না হয়। কেননা এ সময়টা অন্ধকার থাকে, আর সুগন্ধি মানুষের মনের শাহওয়াত তথা যৌন খাহেশ বাড়িয়ে দেয়।

ফলে এ সময়ে মহিলা ফিতনাহ্ থেকে নিরাপদ নয়। তাই বিশেষভাবে এ সময়ে মহিলাদেরকে এ অবস্থায় মসজিদে উপস্থিত হতে বারণ করা হয়েছে। তাছাড়া পূর্বে এ কথাও উল্লেখিত হয়েছে যে, সুগন্ধি লাগিয়ে মহিলাদের মসজিদে যাওয়া সম্পূর্ণভাবে নিষিদ্ধ, তা যে সময়েই হোক না কেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55621

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন